তারিখ 20 MAY 2016
পৃষ্ঠা ৯ কলাম ৪

দৈনিক
ইত্তেফাক

# দুই দেশ শিক্ষা ও প্রযুক্তি খাতে একযোগে কাজ করতে পারে

## প্রধানমন্ত্রীকে বুলগেরিয়ার প্রেসিডেন্ট

■ বাসস

ঢাকা এবং সোফিয়ার মধ্যে অর্থপূর্ণ ও কার্যকর সহযোগিতার ওপর গুরুত্বারোপ করে বুলগেরিয়ার প্রেসিডেন্ট রোজেন প্লেভনিলিয়েভ বলেছেন, দুই দেশ শিক্ষা, তথ্যপ্রযুক্তিসহ অন্যান্য খাতে একযোগে কাজ করে সম্ভাবনার দ্বারকে অবারিত করতে পারে। প্লেভনিলিয়েভ বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিশ্বের এক মহান নেতা হিসেবে অভিহিত করেন।

বুলগেরিয়া সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল বৃহস্পতিবার স্থানীয় সময় বিকালে সেদেশের প্রেসিডেন্ট রোজেন প্লেভনিলিয়েভের সঙ্গে প্রেসিডেন্সি প্রাসাদে সাক্ষাৎ করতে গেলে প্লেভনিলিয়েভ এ কথা বলেন। সাংবাদিকদের ব্রিফিংকালে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রেসিডেন্ট প্রাসাদে পৌছালে রোজেন প্লেভনিলিয়েভ তাঁকে অভ্যর্থনা জানান।

ইহসানুল করিম জানান, সৌজন্য সাক্ষাৎ শুরুর পূর্বে দুই নেতা কিছু সময় একান্ত বৈঠকে মিলিত হন। বুলগেরিয়ার প্রেসিডেন্টের সঙ্গে বাংলাদেশের প্রধানমন্ত্রীর সাক্ষাৎকালে সেদেশের পররাষ্ট্রনীতি বিষয়ক দুজন উপদেষ্টা এবং বাংলাদেশে বুলগেরিয়ার অনাবাসিক রাষ্ট্রদূত উপস্থিত ছিলেন।

বুলগেরিয়ার প্রেসিডেন্ট বাংলাদেশ এবং বুলগেরিয়ার মধ্যে বিভিন্ন সেক্টরে পারস্পরিক অর্থবহ সহযোগিতার সম্ভাবনা রয়েছে উল্লেখ করে বলেন, বুলগেরিয়া ইউরোপের প্রেক্ষাপটে ভাল অবস্থানে রয়েছে। বাংলাদেশ থেকে দক্ষ শ্রমিক নেয়ার বিষয়ে প্রধানমন্ত্রীর আগ্রহের প্রসঙ্গে বুলগেরিয়ার প্রেসিডেন্ট বলেন, তারা সিজনাল অভিবাসীদের 'ব্লু কার্ড' প্রদানের মাধ্যমে স্বল্প সময়ের জন্য কাজের সুযোগ দিয়ে থাকেন।

বৈঠকে অন্যদের মধ্যে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এএইচ মাহমুদ আলী, মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি এবং বুলগেরিয়ায় নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো. আল্লামা সিদ্দিকী উপস্থিত ছিলেন।

**বুলগেরিয়ার জাতীয় ইতিহাস জাদুঘর পরিদর্শন করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল বিকালে বুলগেরিয়ার জাতীয় ইতিহাস জাদুঘর পরিদর্শন করেছেন। জাতীয় ইতিহাস জাদুঘরের ভারপ্রাপ্ত পরিচালক বজিদার দিমিত্রভ তাকে স্বাগত জানান। শেখ হাসিনা ১৯৭৩ সালে প্রতিষ্ঠিত বুলগেরিয়ার বৃহত্তম জাদুঘরটির বিভিন্ন অংশ ঘুরে দেখেন এবং সেখানে প্রদর্শিত বিভিন্ন ঐতিহাসিক নিদর্শন প্রত্যক্ষ করেন। এসময় জাদুঘরের ঐতিহাসিক পটভূমি সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করা হয়।